কোটচাঁদপুরের প্রথম নির্বাচিত উপজেলা চেয়ারম্যান আর নেই

কোটচাঁদপুর উপজেলার প্রথম নির্বাচিত উপজেলা চেয়ারম্যান সরদার আলী আহম্মেদ আর নেই। শনিবার জার্মানিতে নিজ বাসায় তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি…রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি কোটচাঁদপুর বাজারপাড়ার বাসিন্দা এবং সাবেক পৌরসভা চেয়ারম্যান মরহুম গোলাম হায়দার সরদারের ছেলে।

পারিবারিক সূত্রে জানা গেছে, ছয় ভাই ও ছয় বোনের মধ্যে তিনি দ্বিতীয় ছিলেন। তাঁর প্রাথমিক শিক্ষা বাজেবামনদহ প্রাথমিক বিদ্যালয়ে এবং মাধ্যমিক শিক্ষা কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে সম্পন্ন হয়। পরে তিনি রাজশাহীতে উচ্চশিক্ষা গ্রহণ করেন।

রাজনৈতিক জীবনে প্রথমে আওয়ামী লীগের সঙ্গে যুক্ত থাকলেও পরবর্তীতে জাসদের রাজনীতিতে যোগ দেন। সে সময় তিনি কোটচাঁদপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। ১৯৮৫ সালের দিকে উপজেলা পরিষদ গঠনের পর নির্বাচনে অংশ নিয়ে তিনি কোটচাঁদপুরের প্রথম উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হন।

স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলা চেয়ারম্যান থাকাকালে তিনি একটি সরকারি পোস্ট কোয়ার্টার অপসারণ করে সেখানে ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা প্রতিষ্ঠায় ভূমিকা রাখেন। পরবর্তীতে প্রতিষ্ঠানটি থেকে বহু শিক্ষার্থী হাফেজ হিসেবে বের হয়েছেন।

১৯৯৫ সালের দিকে তিনি জার্মানিতে পাড়ি জমান এবং সেখানেই স্থায়ীভাবে বসবাস শুরু করেন। দীর্ঘ ৩২ বছর তিনি জার্মানিতে ছিলেন। তাঁর স্ত্রী সরদার রেজমুন নাহার শিরিন জানান, মাথায় জটিলতা দেখা দিলে চলতি বছরের জানুয়ারিতে তাঁর অস্ত্রোপচার করা হয়। এরপর থেকে বাসায় চিকিৎসাধীন অবস্থায় ছিলেন। শনিবার সকালে তিনি ইন্তেকাল করেন।

পরিবারের পক্ষ থেকে মরদেহ দেশে আনার চেষ্টা চলছে। তিনি এক ছেলে ও দুই কন্যা সন্তানের জনক। কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাসান বলেন, যেহেতু তিনি উপজেলার প্রথম নির্বাচিত

চেয়ারম্যান ছিলেন, তাই উপজেলা মসজিদে তাঁর রুহের মাগফিরাত কামনায় দোয়ার আয়োজন করা হবে।

কোটচাঁদপুর ও মহেশপুরে এমপি মতিয়ার রহমানের পরিচ্ছন্নতা অভিযান

ঝিনাইদহের কোটচাঁদপুর ও মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিচ্ছন্না অভিযান করা হয়েছে।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) সকালে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ অভিযানের উদ্বোধন করেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য অধ্যাপক মতিয়ার রহমান।

সেসময় উপজেলা জামায়াতের আমীর মাওলানা তাজুল ইসলাম, সেক্রেটারি মাস্টার শাহাবুদ্দিন খান, যুব বিভাগের সম্পাদক শরিফুল ইসলাম, যুব বিভাগের সহকারী সেক্রেটারি আহসান হাবীব শামীম, পৌর জামায়াতের আমীর মুহাদ্দিস আব্দুল কাইয়ুম, সেক্রেটারি মাহফুজুল হক মিন্টু, বলুহর ইউনিয়ন জামায়াতের আমীর শাহ আলম, সাফদারপুর ইউনিয়ন যুব বিভাগের সভাপতি জুবায়ের হোসেনসহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপজেলা জামায়াতের আয়োজনে দিনভর এই পরিচ্ছন্ন অভিযানে হাসপাতাল চত্বর, বিভিন্ন ওয়ার্ড, রুম পরিষ্কার করা হয়।

আয়োজকরা জানান, রোগীদের জন্য স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করা এবং হাসপাতালকে আরও পরিচ্ছন্ন ও সেবাবান্ধব করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের সামাজিক কার্যক্রম অব্যাহত থাকবে বলে তারা জানান। এর আগে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একই অভিযান পরিচালিত হয় দলটির পক্ষ থেকে।

মহাকাশে বসতি গড়ার স্বপ্ন দেখিয়ে বিশ্বজয়ী কোটচাঁদপুরের ৭ শিক্ষার্থী

মহাকাশে মানুষের বসতি স্থাপনে তিনটি বিষয়ে গবেষণা করে প্রতিবেদন লিখেছেন ঝিনাইদহের কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ৭ শিক্ষার্থী খাজা আতিফ আবিদ, তসলিম উদ্দিন, আরেফিন সিদ্দিকী, ওমর ফারুক আল সাবিত, তাওফিক আহমেদ, তাসলিম আহমেদ ও মুনতাসির রহমান বিশ্বাস। তাদের গবেষণার মূল বিষয় ছিল খাদ্য নিরাপত্তা, সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার এবং টেকসই বর্জ্য ব্যবস্থাপনার দৃষ্টিনন্দন ও বাস্তবভিত্তিক সমাধান।

শিক্ষার্থীরা মনে করেন, প্রকল্পটির বাস্তবায়ন সম্ভব হলে ভবিষ্যতে মহাকাশ অভিযানের জন্য এটি একটি বাস্তবসম্মত ও টেকসই দৃষ্টান্ত হয়ে উঠতে পারে। তাদের এই প্রতিবেদন যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত প্রতিষ্ঠান ন্যাশনাল স্পেস সোসাইটি (এনএসএস) এর “লিভিং ইন এ হেলদি স্পেস” প্রতিযোগিতায় দশম গ্রেড (বড় দল) ক্যাটাগরিতে প্রথম স্থান অর্জন করেছে। ফলে তারা অত্যন্ত আনন্দিত।

তবে ওয়াশিংটনে গিয়ে তাদের গবেষণা উপস্থাপনের ব্যয় নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন তারা। প্রতিযোগিতায় অংশ নিয়ে প্রতিবেদন উপস্থাপন করতে না পারলে তাদের পরিশ্রম ব্যর্থ হতে পারে বলে আশঙ্কা করছেন শিক্ষার্থীরা। এজন্য তারা সরকার ও সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা ভবিষ্যতে এগিয়ে যেতে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী খাজা আতিফ আবিদ জানান, ২০২৪ সালে ঝিনাইদহ ক্যাডেট কলেজের তার বন্ধুরা যুক্তরাষ্ট্রের ন্যাশনাল স্পেস সোসাইটি (এনএসএস)-এর প্রতিযোগিতায় অংশ নেয়। যার ফল ঘোষণা করা হয় ২০২৫ সালের মার্চ মাসে। সেই প্রেস রিলিজটি বাংলাদেশ সেনাবাহিনী প্রকাশ করেছিল। ওই সংবাদ দেখে অনুপ্রাণিত হন আবিদ।

এরপর তিনি বিদ্যালয়ের দশম শ্রেণির আরও ৬ বন্ধুকে নিয়ে একটি দল গঠন করেন। তাদের প্রকল্পের শিরোনাম ছিল “এ ভিশন অব হারমনি, হেলথ অ্যান্ড প্রোগ্রেস”। প্রতিবেদনটি লিখতে তাদের প্রায় এক বছর সময়

লেগেছে। অধিকাংশ সময় তারা বিদ্যালয়ের ল্যাবেই একসঙ্গে কাজ করেছেন। নিয়মিত পড়াশোনার পাশাপাশি তারা গবেষণার কাজ চালিয়ে গেছেন।

২১ নভেম্বর ২০২৫ সালে তারা গবেষণা প্রতিবেদনটি এনএসএস এর “লিভিং ইন এ হেলদি স্পেস” প্রতিযোগিতায় জমা দেন। ফলাফল প্রকাশিত হয় ৩১ জানুয়ারি ২০২৬ সালে এনএসএস-এর ওয়েবসাইটে। সেখান থেকেই তারা জানতে পারেন, দশম গ্রেড (বড় দল) ক্যাটাগরিতে তাদের দল প্রথম হয়েছে। শিক্ষার্থীদের দাবি, এই প্রতিযোগিতায় বিশ্বের ২৫২টি দেশ অংশগ্রহণ করেছে।

প্রকল্পটি সম্পর্কে আবিদ জানান, “স্টেলার হ্যাভেন” একটি গবেষণাভিত্তিক ও ভবিষ্যতমুখী চন্দ্র বসতি পরিকল্পনা। এর লক্ষ্য চাঁদের প্রতিকূল পরিবেশে দীর্ঘমেয়াদি, নিরাপদ ও স্বয়ংসম্পূর্ণ মানব সমাজ গড়ে তোলা। শুরুতে ৭০ হাজার মানুষের বসবাসের পরিকল্পনা থাকলেও ভবিষ্যতে তা বাড়িয়ে ১ লাখ ৩০ হাজারে উন্নীত করা সম্ভব।

পুরো স্থাপনাটি দুটি বৃহৎ ষড়ভুজ কাঠামো এবং একটি কেন্দ্রীয় টাওয়ার নিয়ে নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। কেন্দ্রীয় অংশ শক্তি সরবরাহ, বায়ু নিয়ন্ত্রণ, পানি বণ্টন ও তথ্য আদান-প্রদানের কেন্দ্র হিসেবে কাজ করবে। নকশা এমনভাবে তৈরি করা হয়েছে, যাতে সংযোগকারী পডের মাধ্যমে ভবিষ্যতে নতুন অংশ যুক্ত করা যায় এবং সহজে সম্প্রসারণ সম্ভব হয়।

প্রথম দুই বছরে ভিত্তি নির্মাণ ও অবকাঠামো স্থাপন করা হবে। পরবর্তী কয়েক বছরে আবাসন, কৃষি ও প্রযুক্তিগত ব্যবস্থা উন্নয়ন করা হবে। প্রায় দশ বছরের মধ্যে একটি পূর্ণাঙ্গ চন্দ্র সমাজ গড়ে তোলার পরিকল্পনা রয়েছে।

শক্তি সরবরাহ হবে এ প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ দিক। চাঁদের দিন-রাতের দৈর্ঘ্য ভিন্ন হওয়ায় দিনের বেলায় সৌরশক্তি ব্যবহার করা হবে। দীর্ঘ প্রায় ১৪ দিনের চন্দ্ররাতে ৪০ কিলোওয়াট ফিশন সারফেস পাওয়ার সিস্টেম ব্যবহার করে পারমাণবিক শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা হবে। উন্নত শক্তি ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি, পানি পুনর্ব্যবহার, বায়ু নিয়ন্ত্রণ ও আবাসিক অংশ সচল রাখা হবে।

খাদ্য নিরাপত্তার জন্য মোট এলাকার প্রায় ৩৮ শতাংশ কৃষির জন্য নির্ধারণ করা হয়েছে। চাঁদের মাটিতে সরাসরি চাষ সম্ভব নয় বলে হাইড্রোপনিক্স ও অ্যারোপনিক্স প্রযুক্তি ব্যবহার করা হবে।

হাইড্রোপনিক্সে মাটি ছাড়াই পুষ্টিসমৃদ্ধ পানিতে গাছ জন্মানো যায়। অ্যারোপনিক্সে গাছের শিকড়ে সূক্ষ্ম পুষ্টিকণা স্প্রে করা হয়। এ পদ্ধতিতে পালং শাক, লেটুস, টমেটো, স্ট্রবেরি, মটরশুঁটি, কুইনোয়া, ডাল ও বাদামজাতীয় ফসল উৎপাদন সম্ভব।

সাপ্তাহিক খাদ্যতালিকা এমনভাবে পরিকল্পনা করা হয়েছে, যাতে প্রয়োজনীয় ক্যালরি, প্রোটিন, কার্বোহাইড্রেট, চর্বি, ভিটামিন ও খনিজ নিশ্চিত হয়। কম মাধ্যাকর্ষণে হাড় ও পেশির দুর্বলতা রোধে ক্যালসিয়াম ও ভিটামিন ডি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আবিদ জানান, চাঁদে উচ্চমাত্রার বিকিরণ একটি বড় ঝুঁকি। সেখানে পৃথিবীর মতো চৌম্বক ক্ষেত্র বা ঘন বায়ুমণ্ডল নেই। তাই বিশেষ বিকিরণ-প্রতিরোধী প্রাচীর, পানিস্তর, পলিথিন ও ধাতব আবরণ ব্যবহারের পরিকল্পনা রয়েছে। সেন্সরের মাধ্যমে বিকিরণ মাত্রা পরিমাপ করা হবে এবং এআই-নিয়ন্ত্রিত ব্যবস্থা নিরাপদ সময় নির্ধারণ করবে। বাইরে কাজের সময় মহাকাশচারীরা বিশেষ সুরক্ষিত পোশাক পরবেন। উন্নত লাইফ সাপোর্ট সিস্টেমের মাধ্যমে তাপমাত্রা, আর্দ্রতা ও বায়ুর মান নিয়ন্ত্রণে রাখা হবে।

কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা, শ্রদ্ধা ও ভালোবাসায় মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে শনিবার রাত ১২টা ১ মিনিটে সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় চত্বরে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এতে উপজেলা প্রশাসন, সরকারি দপ্তর, রাজনৈতিক, সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকালে সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় চত্বর থেকে প্রভাতফেরি র্যালি বের হয়। র্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা চত্বরে এসে শেষ হয়।

পরে উপজেলা মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার এনামুল হাসানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য মতিয়ার রহমান।

উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা ও একাডেমিক সুপারভাইজার ফারুক হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) সায়েম ইউসুফ, সহকারী কমিশনার (ভূমি) সোহেল রানা, অফিসার ইনচার্জ মো. আসাদুজ্জামান, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, উপজেলা জামায়াতের আমির মাওলানা মো. তাজুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল, পৌর জামায়াতের আমির মাওলানা আব্দুল কাইয়ুম, এনসিপির অ্যাম্বাসেডর হৃদয় আহসান প্রমুখ।

এ সময় উপজেলার বিভিন্ন দপ্তরের প্রধান, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, সাংবাদিক, রাজনৈতিক নেতা-কর্মীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে দোয়া ও শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে পুকুরে বিষ প্রয়োগ, চাষির ১৮ লাখ টাকার ক্ষতি

কোটচাঁদপুরে পুকুরে বিষ দিয়ে মাছ মারার অভিযোগ উঠেছে।গত শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে ঘটনাটি ঘটেছে উপজেলার ধোপাবিলা গ্রামের ‘রুমি মৎস্য হ্যাচারীতে।

এতে করে ১৮ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন ভুক্তভোগী মাছ চাষি রমজান আলী বিশ্বাস। এ ব্যাপারে গত শনিবার রাতে থানায় লিখিত অভিযোগ করেছেন ওই চাষি।

জানা যায়,কোটচাঁদপুর উপজেলার ধোপাবিলা গ্রামের মাছ চাষি রমজান আলী বিশ্বাস (৫৬)। তিনি দীর্ঘদিন ধরে ওই এলাকায় মাছ চাষ করে আসছে। ২০ বছর আগে সে ১৫০ বিঘা জমি দিয়ে মাছ চাষ শুরু করেন। যার মধ্যে তাঁর নিজস্ব জমি ৩০ বিঘা। বাকি ১২০ বিঘা জমি লিজ নিয়ে চাষ করেন। বর্তমানে তিনি ওই এলাকায় ২৫০ বিঘা জমিতে মাছ চাষ করেন। আর এ মাছ চাষ ঘিরে তিনি গড়ে তুলেছেন রুমি মৎস্য হ্যাচারী। শুক্রবার দুপুরে ওই হ্যাচারি সংলগ্ন ১০ বিঘা একটি পুকুরে বিষ দেন দূর্বৃত্তরা। এতে করে ১৮ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে বলে জানিয়েছেন ভুক্তভোগী চাষি।

তিনি বলেন, দুপুর তখন ২টা বাজে। খবর পেয়ে পুকুরে গিয়ে দেখতে পায় পুকুরে মাছ মরে ভেসে আছে।

তিনি বলেন,রেনু পোনার চাষ করতে হলে, কিছু মাছ পুকুরে মজুদ করে রাখতে হয়। আর সেই মাছ বড় করে, তা থেকে ডিম নিয়ে রেনু মাছ হয়ে থাকে। এটি ছিল আমার মজুত করা সেই পুকুর। এ পুকুরে আমার অনেক মাছ মজুদ ছিল। যা দূর্বৃত্তরা বিষ দিয়ে মেরে দিয়েছেন। যার মধ্যে ছিল রুই, কাতলা, মৃগেলসহ বিভিন্ন প্রজাতির মাছ। এতে করে প্রায় ১৭/১৮ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে। শনিবার রাতে ঘটনাটি নিয়ে কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ করেছেন চাষি রমজান আলী বিশ্বাস। চেয়েছেন ঘটনার সুষ্ঠু তদন্ত করে বিচার।

উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম বলেন,এটা ফৌজদারি ঘটনা। এখানে আমাদের কিছু করার নাই। ওনি থানার সঙ্গে সঙ্গে যোগাযোগ করলে ভাল

হয়।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এস আই) আব্দুর রহিম বলেন,অভিযোগ হাতে পেয়েছি। তদন্ত শুরু হয়েছে। তদন্তে অভিযোগের সত্যতা পেলে ব্যবস্থা নেয়া হবে।

কোটচাঁদপুরে জামায়াতের নারী সমাবেশ অনুষ্ঠিত

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ ফেব্রুয়ারি) সকালে উপজেলার সরকারি মডেল পাইলট হাই স্কুল মাঠে এ সমাবেশের আয়োজন করে উপজেলা জামায়াত।

এতে ঝিনাইদহ ৩ আসনের জামায়াতে ইসলামের প্রার্থী মতিয়ার রহমান, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও মহেশপুর উপজেলা সাবেক চেয়ারম্যান মাওলানা আব্দুল হাই, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র শিবিরের সভাপতি মোস্তাফিজুর রহমান, জেলা ছাত্র শিবিরের সেক্রেটারি উবাইদুর রহমান, মহেশপুর উপজেলা জামায়াতের সেক্রেটারি ইসমাইল হোসেন পলাশ, কোটচাঁদপুর উপজেলা জামায়াতের সেক্রেটারি শাহাবুদ্দিন খান, কোটচাঁদপুর পৌর জামায়াতের আমীর মুহাদ্দিস আব্দুল কাইয়ুম, উপজেলা ছাত্র শিবিরের সভাপতি হাফেজ মুজাহিদুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সমাবেশে সংসদ সদস্য প্রার্থী মতিয়ার রহমান বলেন, জামায়াতে ইসলাম ক্ষমতায় গেলে কোন ধর্ষণ, নারী নির্যাতন থাকবে না। কোরআনকে বাদ দিয়ে কোন আইন হবে না। আমাদের লক্ষ্য কোরআনের বাংলাদেশ, সোনার বাংলাদেশ। জামায়াত ক্ষমতায় গেলে আইন ও সুশাসন নিশ্চিত করা হবে।

কোটচাঁদপুরে বিপুল পরিমাণ অ্যালকোহলসহ আটক ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এক বিশেষ অভিযানে ১৭৪ বোতল অবৈধ অ্যালকোহলসহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে শহরের মেইন বাসস্ট্যান্ড সংলগ্ন তালসার রোড এলাকায় এই অভিযান পরিচালিত হয়।

গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় সহকারী উপ-পরিদর্শক মোহাম্মদ সেলিম রাজা’র নেতৃত্বে একটি চৌকস দল কোটচাঁদপুর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করেন। দুপুর অনুমান ২:০০ ঘটিকার সময় দলটি মেইন বাসস্ট্যান্ডের তালসার রোডস্থ ‘সোনালী হোমিও হল’ নামক একটি চেম্বারে তল্লাশি চালায়।

তল্লাশিকালে বড় কার্টুনের ভিতর লুকানো অবস্থায় ১৭৪ বোতল অ্যালকোহল উদ্ধার করা হয়। প্রতিটি বোতলের গায়ে ১০০ মিলি অ্যালকোহলের লেবেল যুক্ত ছিল। অবৈধভাবে বিক্রির উদ্দেশ্যে এসব মাদক মজুত রাখা হয়েছিল বলে জানা গেছে।

অভিযান চলাকালীন মাদক কেনাবেচার সাথে জড়িত থাকার অপরাধে ঘটনাস্থল থেকে একজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত ব্যক্তি কোটচাঁদপুর আদর্শ পাড়ার আয়নাল হকের ছেলে মোঃ আমিরুল ইসলাম।

উদ্ধারকৃত আলামত: ১৭৪ বোতল অ্যালকোহল, যার আনুমানিক বাজারমূল্য ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা।

গ্রেপ্তারকৃত আসামিকে উদ্ধারকৃত মাদকসহ কোটচাঁদপুর মডেল থানায় সোপর্দ করা হয়েছে। এ ঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ২৪(খ) ধারায় একটি মামলা রুজু করা হয়েছে (মামলা নং-০১, তারিখ-০৫/০২/২৬)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, ঝিনাইদহ জেলাকে মাদকমুক্ত করতে এই ধরনের চিরুনি অভিযান আগামীতেও অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে বাণিজ্যিকভাবে প্রথম ব্রোকলির চাষ

বাণিজ্যিকভাবে প্রথম ব্রোকলির চাষ হয়েছে কোটচাঁদপুরে। ব্রোকলি উচ্চ মূল্যের ক্যান্সার প্রতিরোধী একটি সবজি।

এছাড়া স্বল্প ব্যয়ে, কম সময়ে ভালো ফলন হয় সবজিটিতে। এ কারণে এই সবজি চাষ করে আগামীতে চাষিরা অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হতে পারেন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

পাশের গ্রামের সাবেক স্কুল শিক্ষক কলিম উদ্দিন বলেন, আমার ৭০ বছর জীবনে এমন কপির চাষ কোনো দিন দেখি নাই। এ কারণে খবর পেয়ে দেখতে এসেছি। জানতে পারলাম এ কপি অনেক পুষ্টিগুণ সম্পন্ন।

ওই গ্রামের আয়না খাতুন বলেন, এমন কপির চাষ আগে কোনোদিন দেখিনি এ গ্রামে। তবে এ কপি দেখতে যেমন সুন্দর, খেতেও সুস্বাদু। আর অধিক পুষ্টি আছে বলে জানতে পেরেছি।

এর আগে এমন চাষ দেখেনি তহুরা খাতুনও। তিনি বলেন, কপির মতো দেখতে। তবে কপির তুলনায় খেতে বেশ স্বাধের এ সবজিটি।

চাষি মোস্তাক আহম্মেদ বলেন, নতুন ফসলের চাষ করা আমার একটা শখ। আর এসব নতুন ফসলের ধারনা নিয়ে থাকি আমি ইউটিউব দেখে। এরপর চাষ করি। গেল বছর আমার নতুন চাষ ছিল রঙ্গিন ফুলকপি। এর ধারাবাহিকতায় এ বছর আমি চাষ করেছি ব্রোকলির। এছাড়া এর পাশাপাশি আমার চাষ রয়েছে মালটা, আম, পেয়ারা ও কলার ।

তিনি বলেন, ব্রোকলি অন্যান্য চাষের তুলনায় একটু ভিন্ন ধর্মী ফসল। এটা অল্প সময়ে, কম টাকা ব্যয় করে ফসল উৎপাদন করা যায়। লাভের পরিমাণ বেশি। তিনি ভুট্রার চাষের সঙ্গে তুলনা করে বলেন, আমরা অনেকে ভূট্রার চাষ করে থাকি। যা এক বিঘা চাষ করতে ব্যয় হয় ২০/২২ হাজার টাকা। উৎপাদন খরচ বাদ দিলে লাভ হয় মাত্র ২০ হাজার টাকা। সেখানে এক বিঘা ব্রোকলি সর্বোচ্চ ব্যয় হয় ১০ হাজার টাকা। উৎপাদন খরচ বাদে লাভ হয় ৫০/৬০ হাজার টাকা। এছাড়া এ চাষ করতে লাগে

না তেমন কোনো কীটনাশকের ব্যবহার।

মোস্তাক বলেন, ব্রোকলি একটি অতি পুষ্টি সম্বলিত সবজি। রয়েছে বাজারে বেশ চাহিদা। বিক্রি করতে পড়তে হয় না কোনো সমস্যায়।

উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল ইসলাম বলেন, ব্রোকলি কপি জাতীয় সবজি। এটা যেমন কপির মতো তরকারি রান্না খাওয়া যায়। তেমনি খাওয়া যায় লুডুস ও সালাত হিসেবেও। এটা একটা উচ্চমূল্যের সবজি। ব্রোকলি ক্যান্সার প্রতিরোধী সবজি।

তিনি বলেন, এ সবজিটি মাত্র ৭০ দিনের মধ্যে বাজারজাত করা যায়। আর কম সময়ে চাষিরা ৮০/৯০ হাজার টাকা লাভবান হতে পারে।

তিনি আরো বলেন, কোটচাঁদপুরে প্রথম বাণিজ্যিকভাবে ব্রোকলির চাষ মোস্তাক হোসেন নামের এক চাষি শিবনগর মাঠে। তুলনামূলক ভাবে ফুল কপি, বাধা কপির তুলনায় বেশ লাভ জনক চাষ। এ বছর কোটচাঁদপুরে ৯৯ হেক্টর জমিতে কপির চাষ হয়েছে। এর মধ্যে বাঁধা কপি ৪৮ হেক্টর ও ৫১ হেক্টর জমিতে ফুল কপি রয়েছে।

কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্য গাঙ্গুলির আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে গলায় ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্য গাঙ্গুলি (২৫)। গতকাল রবিবার পুলিশ তাঁর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহের মর্গে পাঠিয়েছেন।

জানা যায়, গত শনিবার রাতে অনন্য ঢাকা থেকে বাড়িতে আসে। রাতে খাবার খেয়ে সে তাঁর শোবার ঘরে চলে যায়। সকাল ৮টার দিকে তাঁর মা নাস্তা বানিয়ে খাবার জন্য ডাকছিলো। এসময় তাঁর কোনো সাড়া না পেয়ে পাশের জানালা দিয়ে উকি দিয়ে দেখতে পান ঝুলন্ত মৃতদেহ। খবর পেয়ে পুলিশ স্বজনদের সহায়তায় মৃতদেহ উদ্ধার করেন।

অনন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী ছিলেন। তাঁর মা রাধা রানী বর্তমানে কোটচাঁদপুর বালিকা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বে আছেন। আর পিতা প্রদ্যুৎ কুমার গাঙ্গুলি ছিলেন কোটচাঁদপুর মহিলা কলেজের ইংরেজি বিভাগের সাবেক প্রভাষক।

কোটচাঁদপুর বাজার পাড়ার হাইস্কুল সড়কের সাবেক প্রভাষক প্রদ্যুৎ কুমার গাঙ্গুলির ছেলে।

কোটচাঁদপুর থানার (ওসি তদন্ত) এনায়েত আলী খন্দকার বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে যায়। এরপর তাঁর স্বজনদের সহায়তায় শিক্ষার্থীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়। পরে মৃতদেহ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে।

তিনি বলেন, মৃত্যুর কারণ সম্পর্কে তেমন কিছু জানা যায়নি। লাশ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। তদন্তের পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে জানানো সম্ভব হবে।

কোটচাঁদপুরে নির্বাচন নিয়ে তরুনদের ভাবনা ও প্রত্যাশা বিষয়ক সংলাপ

জেলার কোটচাঁদপুরে আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট নিয়ে তরুণদের ভাবনা এবং প্রত্যাশা বিষয়ক সংলাপ হয়েছে। সংলাপে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, দুই শতাধিক শিক্ষার্থী ও তরুণ প্রজন্মের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) সকাল সাড়ে ৯টায় কোটচাঁদপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এ সংলাপের আয়োজন করে জেলা প্রশাসন।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাসানের সভাপতিত্বে সংলাপে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ। অনুষ্ঠানে জেলা পুলিশ সুপার মাহফুজ আফজাল, জেলা